গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১৯৫/২০১৯-২০২০
ঢাকা ২৫ মার্চ বুধবার ২০২০, ১১ চৈত্র ১৪২৬

১। প্রধানমন্ত্রী আজ জাতির উদ্দেশে ভাষণ দেবেন
২। সার্ক জরুরি তহবিলে অনুদান দেওয়ায় শেখ হাসিনার প্রতি মোদির কৃতজ্ঞতা
৩। চীন কাল করোনা সুরক্ষা সরঞ্জাম হস্তান্তর করবে : ভিডিওবার্তায় পররাষ্ট্রমন্ত্রী
৪। দেশে করোনাভাইরাসে আরও একজনের মৃত্যু : নতুন শনাক্ত ৬ মৃত্যুর সংখ্যা ৪
৫। করোনাভাইরাস সংক্রান্ত অপরাধের বিচার ভ্রাম্যমাণ আদালতে
৬ । কাল থেকে গণপরিবহণ বন্ধ : সেতুমন্ত্রী
৭। সব ধরনের ট্রেন চলাচল বন্ধ : রেলমন্ত্রী
৮। দেশের সব রুটে নৌযান ও ফেরি বন্ধ
৯। স্থানীয় প্রশাসনকে সহায়তা করতে মাঠে নেমেছে সশস্ত্র বাহিনী
১০। আজ ২৫ মার্চ ভয়াল কালরাত্রি
গণহত্যা দিবস উপলক্ষে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণী
১১ । শর্ত সাপেক্ষে ছয় মাসের জন্য ছাড়া পাচ্ছেন খালেদা জিয়া
প্রধানমন্ত্রীর নির্দেশেই এ মুক্তি
১২। শিক্ষাপ্রতিষ্ঠানের ছুটি বাড়ল ৯ এপ্রিল পর্যন্ত
১৩। আমদানি-রপ্তানি পর্যবেক্ষণে নিয়ন্ত্রণকক্ষ চালু করেছে বাণিজ্য মন্ত্রণালয়
ছুটি বাতিল ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর ও টিসিবির কর্মকর্তা-কর্মচারীদের
১৪। ভিন্ন ঠিকানায় অবস্থানকারী প্রবাসীদের নিকটস্থ থানায় যোগাযোগ করতে পুলিশের নির্দেশ
১৫। ছুটিতে সরকারি কর্মকর্তা কর্মচারীদের কর্মস্থলে অবস্থান করতে হবে : মন্ত্রিপরিষদ বিভাগের বিজ্ঞপ্তি
১৬। করোনাভাইরাস মোকাবিলায় জনপ্রতিনিধিদের প্রতি স্থানীয় সরকার মন্ত্রীর নির্দেশনা

১। **প্রধানমন্ত্রী আজ জাতির উদ্দেশে ভাষণ দেবেন**

করোনাভাইরাসের প্রাদুর্ভাবে উদ্ভূত পরিস্থিতি নিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ ২৫ মার্চ বুধবার সন্ধ্যায় জাতির উদ্দেশে ভাষণ দেবেন। প্রধানমন্ত্রীর ভাষণে বর্তমান পরিস্থিতি মোকাবিলায় সরকারের গৃহীত পদক্ষেপের কথা তুলে ধরার পাশাপাশি পরবর্তী করণীয় সম্পর্কে দিকনির্দেশনা থাকবে। দেশের সব টেলিভিশন ও বেতারে এ ভাষণ একযোগে সম্প্রচার করা হবে। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.৪), **ডেইলি সান** (পৃ.১,ক.৮)।

২। **সার্ক জরুরি তহবিলে অনুদান দেওয়ায় শেখ হাসিনার প্রতি মোদির কৃতজ্ঞতা**

ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি কোভিড-১৯ জরুরি তহবিলে অনুদান দেয়ায় বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি তাঁর কৃতজ্ঞতা প্রকাশ করেছেন। সার্ক নেতাদের টেলিকনফারেন্সে ভয়াবহ করোনাভাইরাস মোকাবিলায় কোভিড-১৯ জরুরি তহবিল গঠন করার বিষয়ে সিদ্ধান্ত নেয়া হয়। গত ২৩ মার্চ সোমবার এক টুইট বার্তায় মোদি বলেন, কোভিড-১৯ জরুরি তহবিলে ১৫ লাখ মার্কিন ডলার অর্থ দেয়ার ঘোষণা দেয়ায় বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি কৃতজ্ঞ। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইত্তেফাক** (পৃ.২,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৪)।

৩। **চীন কাল করোনা সুরক্ষা সরঞ্জাম হস্তান্তর করবে : ভিডিওবার্তায় পররাষ্ট্রমন্ত্রী**

করোনাভাইরাস মোকাবিলায় বাংলাদেশকে আগামীকাল ২৬ মার্চ বৃহস্পতিবার সুরক্ষা সরঞ্জাম হস্তান্তর করবে চীন। গতকাল (২৪ মার্চ মঙ্গলবার) এক ভিডিওবার্তায় এ তথ্য দিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন। তিনি আরও জানিয়েছেন, বাংলাদেশ থেকে বিভিন্ন করোনা সুরক্ষা সরঞ্জাম পাঠানোর অনুরোধ জানিয়েছে যুক্তরাষ্ট্র। বাংলাদেশের ব্যবসায়ীরা সে অনুরোধ বিবেচনা করছেন। সাংবাদিকদের উদ্দেশে দেওয়া এ ভিডিওবার্তায় পররাষ্ট্রমন্ত্রী বলেন, পূর্বপ্রতিশ্রুতি অনুযায়ী ২৬ মার্চ চীন বাংলাদেশকে ১০ হাজার করোনা পরীক্ষার কিট, ১০ হাজার পিপিই বা সুরক্ষা গাউন এবং এক হাজার ইনফ্রারেড থার্মোমিটার হস্তান্তর করবে। এর দু'দিন পর চীন আরও ১৫ হাজার ভাইরাসরোধী এন-৯৫ মাস্ক দেবে। চীন এগুলো দান করেছে বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী। সূত্র- **সমকাল** (পৃ.১৫,ক.৫), **আমাদের অর্থনীতি** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫)।

৪। **দেশে করোনাভাইরাসে আরও একজনের মৃত্যু : নতুন শনাক্ত ৬ মৃত্যুর সংখ্যা ৪**

দেশে করোনাভাইরাসে আরও ছয়জন শনাক্ত হয়েছেন। এদের মধ্যে একজন মারা গেছেন। ফলে দেশে মৃতের সংখ্যা দাঁড়িয়েছে চারজনে। আর আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে মোট ৩৯ জনে। গতকাল (২৪ মার্চ মঙ্গলবার) মহাখালীতে করোনাভাইরাস সংক্রান্ত ব্রিফিংয়ে রোগতত্ত্ব, রোগনিয়ন্ত্রণ ও গবেষণা প্রতিষ্ঠানের (আইইডিসিআর) পরিচালক অধ্যাপক ডা. মীরজাদী সেব্রিনা ফ্লোরা এ তথ্য জানান। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৩), **যুগান্তর** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

৫। **করোনাভাইরাস সংক্রান্ত অপরাধের বিচার ভ্রাম্যমাণ আদালতে**

বিদ্যমান ব্যবস্থার পাশাপাশি ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে সংক্রামক রোগ সংক্রান্ত অপরাধের বিচার হবে। সরকারের স্বরাষ্ট্র মন্ত্রণালয় থেকে গতকাল (২৪ মার্চ মঙ্গলবার) ভ্রাম্যমাণ আদালত সংক্রান্ত আইনের তফসিলে এ বিষয়ে সংশোধনী আনা হয়েছে। এর ফলে সংক্রামক রোগ করোনাভাইরাস সংক্রান্ত অপরাধের বিচারও ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে পরিচালনা করা হবে। এতে সংক্রামক রোগ (প্রতিরোধ, নিয়ন্ত্রণ ও নির্মূল) আইনের ২৪, ২৫, ও ২৬ নম্বর ধারাটি 'ভ্রাম্যমাণ আদালত আইন ২০০৯' এর তফসিলে যুক্ত করা হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.১)।

৬। **কাল থেকে গণপরিবহণ বন্ধ : সেতুমন্ত্রী**

নোভেল করোনা ভাইরাসের ব্যাপক সংক্রমণ ঠেকাতে সারাদেশে ছুটি ঘোষণার পর এবার সড়কপথে গণপরিবহণ, নৌপথে লঞ্চ এবং রেলপথে মেইল ও লোকাল ট্রেন চলাচল বন্ধের ঘোষণা দিয়েছে সরকার। সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের গতকাল (২৪ মার্চ মঙ্গলবার) এক ভিডিও বার্তায় এ তথ্য জানিয়ে বলেন, আগামী ২৬ মার্চ থেকে ৪ এপ্রিল সারাদেশে সব গণপরিবহণ 'লকডাউন করার' সিদ্ধান্ত হয়েছে। ট্রাক, কভার্ডভ্যান, ওষুধ, জরুরি সেবা, জ্বালানি, পচনশীল পণ্য পরিবহণ এ নিষেধাজ্ঞার বাইরে থাকবে। তবে পণ্যবাহী যানবাহনে কোনো যাত্রী পরিবহণ করা যাবে না। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২)।

৭। সব ধরনের ট্রেন চলাচল বন্ধ : রেলমন্ত্রী

ভাইরাসের বিস্তার রোধে গতকাল মঙ্গলবার ২৪ মার্চ সন্ধ্যা থেকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত সব ধরনের ট্রেন চলাচল বন্ধ রাখা হয়েছে। গতকাল (২৪ মার্চ মঙ্গলবার) চলমান পরিস্থিতি নিয়ে রেল ভবনে জরুরি সংবাদসম্মেলনে এ ঘোষণা দেন রেলমন্ত্রী নূরুল ইসলাম সুজন। তবে তেল, খাদ্যসহ জরুরি পণ্য পরিবহনের জন্য সীমিত আকারে ট্রেন চলবে বলে তিনি জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.৪)।

৮। দেশের সব রুটে নৌযান ও ফেরি বন্ধ

সব রুটে গতকাল (২৪ মার্চ মঙ্গলবার) থেকে যাত্রীবাহী লঞ্চ চলাচল বন্ধ ঘোষণা করেছে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ)। করোনা সংক্রমণ ঠেকাতে এ সিদ্ধান্ত নিয়েছে তারা। তবে পণ্যবাহী নৌ চলাচল করবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.৪)।

৯। স্থানীয় প্রশাসনকে সহায়তা করতে মাঠে নেমেছে সশস্ত্র বাহিনী

সরকারের নির্দেশে সারাদেশে মাঠে নেমেছে সশস্ত্র বাহিনীর সদস্যরা। স্থানীয় প্রশাসনকে সহায়তা করতেই তারা মাঠে রয়েছেন। এ প্রক্রিয়ার অংশ হিসেবে গতকাল (২৪ মার্চ মঙ্গলবার) সেনা কর্মকর্তারা সংশ্লিষ্ট বিভাগের বিভাগীয় কমিশনার, জেলার জেলা প্রশাসক, পুলিশ সুপার ও সিভিল সার্জনদের সঙ্গে বৈঠক করেছেন। বৈঠকে সেনা কর্মকর্তারা তাদের কর্মপরিধি ঠিক করেছেন। ঐ কর্মপরিধির মধ্যে রয়েছে : বিদেশফেরতদের হোম কোয়ারেন্টাইন নিশ্চিতকরণ, স্থানীয় জনগণের সামাজিক দূরত্ব নিশ্চিতকরণ, জনসমাগম ঠেকানোসহ করোনা প্রতিরোধে স্থানীয় প্রশাসনের সঙ্গে তারা সমন্বয় করে কাজ করবেন। পাশাপাশি করোনা ভাইরাসজনিত পরিস্থিতিকে কাজে লাগিয়ে যাতে ব্যবসায়ীরা দ্রব্যমূল্য বাড়াতে না পারে সেই বিষয়টিও মনিটরিং করবেন বলে জানা গেছে। আজ ২৫ মার্চ বুধবার থেকে সশস্ত্র বাহিনী পুরোদমে কাজ শুরু করবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **নিউ নেশন** (পৃ.১,ক.৬)।

১০। আজ ২৫ মার্চ ভয়াল কালরাত্রি
গণহত্যা দিবস উপলক্ষে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণী

আজ সেই ভয়াল ২৫ মার্চ কালরাত্রি। ১৯৭১ সালের আজকের রাতে পাকিস্তানি হানাদার বাহিনী নিরস্ত্র, নিরপরাধ ও ঘুমন্ত সাধারণ বাঙালির ওপর যে নির্মম হত্যাযজ্ঞ চালিয়েছে, তা পৃথিবীর ইতিহাসে এক ঘৃণ্যতম গণহত্যার নজির হয়ে আছে। বর্বর হত্যাযজ্ঞের এ দিনটি ২০১৭ সাল থেকে ‘গণহত্যা দিবস’ হিসেবে পালিত হচ্ছে। করোনাভাইরাসের কারণে এবার তেমন কোনো কর্মসূচির আয়োজন করা হচ্ছে না। দিনটি উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। বাণীতে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে গভীর শ্রদ্ধার সাথে স্মরণকরেন। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

১১। শর্ত সাপেক্ষে ছয় মাসের জন্য ছাড়া পাচ্ছেন খালেদা জিয়া
প্রধানমন্ত্রীর নির্দেশেই এ মুক্তি

বয়স ও মানবিক বিবেচনায় শর্ত সাপেক্ষে বিএনপির চেয়ারপারসন বেগম খালেদা জিয়া ছয় মাসের জন্য মুক্তি পাচ্ছেন আজ ২৫ মার্চ বুধবার। আইনমন্ত্রী আনিসুল হক গতকাল (২৪ মার্চ মঙ্গলবার) গুলশানের বাসভবনে এক ব্রিফিংয়ে এ সিদ্ধান্ত জানিয়ে বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্বাহী আদেশে শর্ত সাপেক্ষে ছয় মাসের জন্য মুক্তি দেওয়ার সিদ্ধান্ত হয়েছে। তবে খালেদা জিয়া ঢাকায় নিজ বাসায় থেকে চিকিৎসা গ্রহণ করবেন। দেশের বাইরে যেতে পারবেন না। ফৌজদারি কার্যবিধির ৪০১ ধারা (উপধারা-১) অনুযায়ী মুক্তির ব্যবস্থা করা হয়েছে। তাকে ছয় মাসের জন্য মুক্তি দেওয়ার সুপারিশ পাঠানো হয়েছে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে। এখন স্বরাষ্ট্র মন্ত্রণালয় যখন তাকে মুক্তি দেবে, তখন থেকেই তা কার্যকর হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬)।

১২। শিক্ষাপ্রতিষ্ঠানের ছুটি বাড়ল ৯ এপ্রিল পর্যন্ত

করোনা ভাইরাস পরিস্থিতিতে প্রাক-প্রাথমিক থেকে সব স্তরের শিক্ষাপ্রতিষ্ঠান আগামী ৯ এপ্রিল পর্যন্ত বন্ধ থাকবে। গতকাল (২৪ মার্চ মঙ্গলবার) সচিবালয়ে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনির সভাপতিত্বে অনুষ্ঠিত শিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের যৌথ সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। ছুটি বাড়ানোর বিষয়ে দুই মন্ত্রণালয় বৈঠকের পর এ নির্দেশনা দেয়া হয়। অপরদিকে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, বিদ্যালয় বন্ধকালীন নিজেদের এবং অন্যদের করোনা ভাইরাস সংক্রমণ থেকে সুরক্ষার লক্ষ্যে শিক্ষার্থীরা নিজ নিজ বাসস্থানে অবস্থান করবে। শিক্ষার্থীদের বাসস্থানের অবস্থানের বিষয়টি অভিভাবকবৃন্দ নিশ্চিত করবেন এবং স্থানীয় প্রশাসন তা নিবিড়ভাবে পরিবীক্ষণ করবে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫)।

১৩। আমদানি-রপ্তানি পর্যবেক্ষণে নিয়ন্ত্রণকক্ষ চালু করেছে বাণিজ্য মন্ত্রণালয়

ছুটি বাতিল ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর ও টিসিবির কর্মকর্তা-কর্মচারীদের

বিশ্বব্যাপী করোনা ভাইরাস সংক্রমণে উদ্ভূত বাজারব্যবস্থা পর্যবেক্ষণ ও আমদানি-রপ্তানির বিষয়ে তথ্য সরবরাহের জন্য একটি নিয়ন্ত্রণকক্ষ চালু করেছে বাণিজ্য মন্ত্রণালয়। সচিবালয়ের ৩ নম্বর ভবনের ২৩ নম্বর কক্ষে এ নিয়ন্ত্রণকক্ষ চালু করা হয়েছে। নিয়ন্ত্রণকক্ষের টেলিফোন নম্বর-০২-৯৫৪৫৮৫৩। সংশ্লিষ্ট যে কোনো প্রয়োজনে এ টেলিফোন নম্বরে যোগাযোগ করা যাবে। প্রতিদিন সকাল ৯টা থেকে রাত ১২টা পর্যন্ত শুক্র-শনিবারসহ ২৯ মার্চ পর্যন্ত এটি খোলা থাকবে। এদিকে বাণিজ্য মন্ত্রণালয়ের অধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর এবং টিসিবি'র কর্মকর্তা-কর্মচারীদের সব ধরনের ছুটি বাতিল করা হয়েছে। জরুরি সেবা প্রদানের জন্য অধিদপ্তরে একটি নিয়ন্ত্রণকক্ষ চালু করা হয়েছে। নিয়ন্ত্রণকক্ষের মোবাইল নম্বরগুলো হচ্ছে ঢাকা বিভাগীয় অফিস, উপপরিচালক, মোবাইল নম্বর-০১৮১৯৪০৪৭৩০; উপ-পরিচালক (প্রশাসন), মোবাইল নম্বর-০১৭১১২৭৩৮০২; সহকারী পরিচালক, ঢাকা জেলা, মোবাইল নম্বর-০১৭১৪৪৬১১৮২ এবং ভোক্তা বাতায়ন নম্বর-১৬১২১। এছাড়া টিসিবির পণ্য বিক্রয়-সংক্রান্ত এবং সংশ্লিষ্ট বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখার জন্য একটি নিয়ন্ত্রণকক্ষ চালু করা হয়েছে। নিয়ন্ত্রণকক্ষের টেলিফোন নম্বর-০২-৫৫০১৩৪৪৭। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৬), **অবজারভার** (শেষ পৃ,ক.১)।

১৪। ভিন্ন ঠিকানায় অবস্থানকারী প্রবাসীদের নিকটস্থ থানায় যোগাযোগ করতে পুলিশের নির্দেশ

করোনাভাইরাস প্রকোপের মধ্যে যারা বিদেশ থেকে দেশে ফিরে এসেছেন এবং ভিন্ন ঠিকানায় অবস্থান করছেন তাদের নিজ নিজ অবস্থানের তথ্য নিকটস্থ থানায় জানাতে বলেছে পুলিশ সদর দফতর। গতকাল (২৪ মার্চ মঙ্গলবার) পুলিশ সদর দফতরের এআইজি (মিডিয়া) মো. সোহেল রানা স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, ১ মার্চ থেকে দেশে আসা পাসপোর্টে বর্ণিত ঠিকানা ছাড়া অন্য ঠিকানায় অবস্থানকারী সব প্রবাসী বাংলাদেশিকে নিকটস্থ থানায় যোগাযোগ করে তাদের বর্তমান অবস্থান ও মোবাইল নম্বর জানাতে অনুরোধ করা হচ্ছে। অন্যথায় তাদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা গ্রহণ করা হবে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪)।

১৫। ছুটিতে সরকারি কর্মকর্তা কর্মচারীদের কর্মস্থলে অবস্থান করতে হবে : মন্ত্রিপরিষদ বিভাগের বিজ্ঞপ্তি

প্রাণঘাতী নভেল করোনাভাইরাসের কারণে ছুটি দেয়া হলেও সরকারি কর্মকর্তা ও কর্মচারীদের ছুটিকালীন অবশ্যই নিজ নিজ কর্মস্থলে অবস্থান করতে হবে। গতকাল (২৪ মার্চ মঙ্গলবার) মন্ত্রিপরিষদ বিভাগের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ কথা বলা হয়। মন্ত্রিপরিষদ বিভাগের বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, এ ছুটি সরকারি-বেসরকারি অফিসের জন্য প্রযোজ্য হবে। তবে স্বাস্থ্যসেবা, সংবাদপত্রসহ অন্য জরুরি কার্যাবলির ক্ষেত্রে এ নির্দেশনা প্রযোজ্য হবে না। বিজ্ঞপ্তিতে সর্বসাধারণকে এ সময়ে বাইরে যাওয়া বা ভ্রমণ করা থেকে বিরত থাকতে আহ্বান জানানো হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৬), **যুগান্তর** (পৃ.৩,ক.৫)।

১৬। করোনাভাইরাস মোকাবিলায় জনপ্রতিনিধিদের প্রতি স্থানীয় সরকার মন্ত্রীর নির্দেশনা

করোনাভাইরাস মোকাবিলায় স্থানীয় সরকারের জনপ্রতিনিধিদের প্রতি একগুচ্ছ নির্দেশনা দিয়েছেন স্থানীয় সরকার বিভাগের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী মো. তাজুল ইসলাম। গতকাল (২৪ মার্চ মঙ্গলবার) সচিবালয় থেকে এক ভিডিওবার্তায় তিনি জনপ্রতিনিধিদের প্রতি এসব নির্দেশনা দেন। ভিডিওবার্তায় স্থানীয় সরকার বিভাগের মন্ত্রী বলেন, ইউনিয়ন পরিষদ সদস্য, চেয়ারম্যান থেকে শুরু করে স্থানীয় সরকারের সব পর্যায়ের নির্বাচিত জনপ্রতিনিধিদের করোনাভাইরাস মোকাবেলায় কাজ করার নির্দেশনা দেয়া হয়েছে। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২)।

সম্পাদকীয়

ক. **বণিক বার্তা :** করোনাভাইরাসের সংক্রমণ প্রতিরোধে সামাজিক দুরত্ব নিশ্চিত ও অধিক পরীক্ষার ওপর বেশি জোর দিচ্ছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা উল্লেখ করে আমাদের প্রত্যেকেরই উচিত সরকারি নির্দেশ সুষ্ঠুভাবে পরিপালন ও মৌলিক স্বাস্থ্যবিধি মেনে চলা বলে মতপ্রকাশ।

খ. **ইনকিলাব** : করোনাভাইরাস সংক্রমণের পরীক্ষা ব্যবস্থা নিশ্চিত করতে সব হাসপাতাল, স্বাস্থ্যকেন্দ্রের ডাক্তার, স্বাস্থ্য কর্মীদের জন্য প্রয়োজনীয় সুরক্ষাব্যবস্থা, কিট ও সরঞ্জামের যোগান ও সদ্ব্যবহার নিশ্চিত করতে সমন্বিত উদ্যোগ নেওয়ার সুপারিশ।

গ. **জনকণ্ঠ, সংবাদ, যুগান্তর, যায়যায়দিন** : আজ ২৫ মার্চের কালরাত্রি উল্লেখ করে ১৯৭১ এর এ দিনের ভয়াল রাতে যাঁরা জীবন উৎসর্গ করেছিলেন তাঁদের সবার প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন।

ঘ. **যুগান্তর :** করোনাভাইরাসের কারণে ঝুঁকির মুখে পড়েছে সংশোধিত এডিপির বাস্তবায়ন উল্লেখ করে সব চ্যালেঞ্জ মোকাবিলা করে সংশ্লিষ্টরা এডিপি বাস্তবায়নের গতি বাড়াতে সক্ষম হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঙ. **নিউ এজ :** করোনাভাইরাসের কারণে সারাদেশে লকডাউনের সিদ্ধান্ত সময়োচিত উল্লেখ করে এসময় চলার জন্য দরিদ্রদের রিলিফের ব্যবস্থা করার সুপারিশ।

উপ-সম্পাদকীয়

যায়যায়দিন পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, আমাদের দেশে আজ যেভাবে ‘ধর্ম যার যার, উৎসব সবার’ মর্মবাণী জনগণের হৃদয়মূলে ঠাঁই নিয়েছে, তাতে পৃথিবীর কাছে প্রকৃত অর্থে সার্বজনীন অসাম্প্রদায়িক চেতনার দেশ হিসেবে আমরা স্থায়ী পরিচিতি পেতে পারি।

নিবন্ধ ও ফিচার

যায়যায়দিন পত্রিকায় প্রকাশিত **‘পাঁচ বছর যাবত ঝরেপড়ার হার একই বৃত্তে ঘুরপাক খাচ্ছে’** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, শিক্ষার্থীদের অনুপস্থিত ও ঝরেপড়ার উদ্বেগজনক সংখ্যা দেশের মাধ্যমিক শিক্ষায় বড় ধরনের সংকটের কারণ হয়ে দাঁড়িয়েছে।

#

মরজিনা/সাঈদা/মাসুম/খোরশেদ/২০২০/৯.০০ঘন্টা